

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে মানসিক স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের নিয়ে দিনব্যাপী ‘মানসিক স্বাস্থ্য সুরক্ষা’ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (০৫ মে ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি যুক্ত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিম। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন আইকিউএসির পরিচালক ও মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আজহারুল ইসলাম, নোবিপ্রবির সাইকোলজিস্ট জনাব মোঃ আবু তারেক।

উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, নিজের যা আছে তা নিয়ে সমৃদ্ধ থাকাটাই মানসিক শক্তির পূর্বশর্ত। সময়মতো কাজ করা, দেবী না করা, কাউকে বিরক্ত না করা, কারো পিছনে না লাগা, পরচর্চা না করা, গীবত না করা এই গুণগুলোর চর্চা করতে হবে। সুন্দর এই প্রশিক্ষণ আয়োজনের সাথে যুক্ত সকলকে ধন্যবাদ। প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা এই প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং নিজেদের জীবনে কাজে লাগাবেন এই প্রত্যাশা করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা এমন জিনিস যা তুমি যত দান করবে তত শাণিত হবে। একই নোট পড়ে আমি কম নাম্বার পেয়েছি, আরেকজন বেশী পেয়েছে এই বিষয়গুলো আমাদেরকে হয়তো মানসিকভাবে পীড়া দেয়। কিন্তু আমাদের মনে রাখা উচিত জীবনে অনেক ক্ষেত্র রয়েছে যেখানে তুমিই উন্নতি করবে, সেরা হবে। নিজেকে কখনো অসম্মানিত করবেনা। এমন কোন কাজের সাথে জড়িত হবেনা যাতে নিজেকে ছোট হতে হয়। তোমাদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, যদিও আমরা সবসময় শারিরিক সুস্থতা নিয়ে ব্যতিব্যস্ত থাকি তথাপি মানসিক স্বাস্থ্যের সুরক্ষার বিষয়েও আমাদের গুরুত্বারোপ করতে হবে। আজকের এই প্রশিক্ষণের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সুরক্ষায় করণীয় দিকগুলো আমরা জানতে পারবো। শ্রেণী প্রতিনিধিদের প্রতি আমার আস্থান থাকবে তারা যেন এই প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞানটুকু তাদের সহপাঠীসহ অন্যান্যদের মাঝে ছড়িয়ে দেয়। আজকের এই প্রশিক্ষণের সফলতা কামনা করছি। এমন একটি প্রশিক্ষণ আয়োজনের জন্য আইকিউএসিকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪

